# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং-বিটিআরসি/এসএস/রি-রেজিস্ট্রেশন(২৮৭)পার্ট-২/২০১০-৩৩২ তারিখঃ ০৪/১০/২০১২

বিষয়: টেলিফোন/মোবাইল এর সংযোগ (RUIM/SIM) এর পোস্ট-অ্যাকটিভেশন ও গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে টেলিফোন/মোবাইল ফোনে চাঁদাদাবী, হুমকি প্রদান, ভয়ভীতি প্রদর্শন ও উত্তাক্তকরণসহ বিভিন্ন প্রকার সন্ত্রাসী ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে যা সরকারের ভাবমূর্তিকে ক্ষতিগ্রস্ত করছে এবং জনমনে ভীতির সঞ্চার করছে। এসকল কার্যকাণ্ড প্রতিরোধকল্পে বিটিআরসি'র তত্ত্বাবধানে সংশ্লিষ্ট সকল দপ্তর/প্রতিষ্ঠান এর সমন্বয়ে একাধিক নীতি-নির্ধারণী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ অনতিবিলম্বে বাস্তবায়নের নিমিত্ত সকল সেলুলার মোবাইল টেলিফোন অপারেটরদের জন্য নিম্নোক্ত অবশ্য-পালনীয় নির্দেশনা পুনরায় জারি করা হল:

১। এই নির্দেশনাটি ইতোপূর্বে জারিকৃত নির্দেশনা (যার নং- বিটিআরসি/এসএস/রি-রেজিস্ট্রেশন(২৮৭)পার্ট-২/২০১০-২৬১, তারিখ: ১৪/০৮/২০১২) এর প্রতিস্থাপক-নির্দেশনা হিসেবে বিবেচিত হবে এবং পূর্বের জারি তারিখ (১৪/০৮/২০১২) হতেই কার্যকর হিসেবে বিবেচিত হবে।

২। আগামী ১২ অক্টোবর ২০১২ তারিখ থেকে সর্বপ্রকারের প্রি-অ্যাক্টিভেটেড সংযোগ (রিম/সিম) ক্রয়-বিক্রয় সম্পূর্ণরূপে বন্ধ করতে হবে এবং সেলুলার মোবাইল টেলিফোন অপারেটরগণ বাজার (retail/consumer market) থেকে সকল প্রি-অ্যাক্টিভেটেড সংযোগ (রিম/সিম) আগামী ১২ অক্টোবর ২০১২ এর মধ্যেই প্রত্যাহার করে নিতে হবে।

৩। বাংলাদেশ নির্বাচন কমিশন এর জাতীয় পরিচয় পত্রের ডাটা-বেজ গ্রাহক নিবন্ধনের জন্য ব্যবহার উপযোগী হবার আগ পর্যন্ত অপারেটরগণ বিভিন্ন প্রকার অফ-লাইন/ম্যানুয়াল প্রক্রিয়ার মাধ্যমে গ্রাহকের পরিচয় নিশ্চিত করতঃ সংযোগ (রিম/সিম) অ্যাক্টিভেট করবে।

৪। সংযোগ (রিম/সিম) অ্যাক্টিভেট করার ক্ষেত্রে যেকোন ধরনের ভুল/অসত্য/ত্রুটিপূর্ণ গ্রাহক নিবন্ধন সংক্রান্ত তথ্যের (নিবন্ধনের সময় লিপিবদ্ধ বা সংগৃহীত) জন্য সংশ্লিষ্ট সেলুলার মোবাইল টেলিফোন অপারেটরকে সম্পূর্ণ দায়ভার বহন করতে হবে।

৫। সেলুলার মোবাইল টেলিফোন অপারেটর সমূহকে বিটিআরসি'র ইস্যুকৃত টেলিফোন/মোবাইল RUIM/SIM গ্রাহক নিবন্ধন সংক্রান্ত নির্দেশাবলী (যার নং-বিটিআরসি/এসএস/রি-রেজিস্ট্রেশন(পার্ট-১)/২০০৮-৯০৮, তারিখঃ ১৮/০৮/২০১০) সঠিকভাবে মেনে চলার জন্য এবং নিবন্ধন সংক্রান্ত যেকোন ত্রুটি/ভুল/অপরাধ এর জন্য সংশ্লিষ্ট ডিস্ট্রিবিউটর/রিটেইলার এর বিরুদ্ধে ফৌজদারি মামলা করতঃ দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. টেলিকম গ্রাহক নিবন্ধনের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন এর জাতীয় পরিচয় পত্রের ডাটা-বেজ ব্যবহার উপযোগী হবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অটোমেটেড/অন-লাইন উপায়ে ভেরিফিকেশন/অথেন্টিকেশন প্রক্রিয়া চালু করতঃ অটোমেটেড কানেকশন অ্যাক্টিভেশন (গ্রাহক পরিচয় নিশ্চিত করতঃ পোস্ট-অ্যাক্টিভেশন) প্রক্রিয়া চালু করার ব্যবস্থা এবং প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।

৭। আগামী ১২ অক্টোবর ২০১২ তারিখ থেকে সকল অবিক্রিত (স্টক/ওয়্যারহাউজ এ রক্ষিত) এবং/অথবা বিক্রিত কিন্তু এখনও রিটেইলারের কাছে রক্ষিত (ক্রেতার নিকট বিক্রিত নয়; অর্থাৎ, যা অপারেটরের HLR সিস্টেমে 11:59:59 pm of 11/10/2012 পর্যন্ত অন্তর্ভুক্ত হয়নি) থাকা সকল সংযোগ (রিম/সিম) বন্ধ/ডি-অ্যাকটিভেটেড করে দিতে হবে। উক্ত সকল সংযোগ (রিম/সিম), কমিশন কর্তৃক নির্ধারিত Sale/Purchase Procedure, Subscriber Verification and Connection Activation Procedure, Other Administrative Procedure এবং Additional Processes অনুযায়ী গ্রাহকের সংযোগ (রিম/সিম) চালু (অ্যাক্টিভেটেড) করতে হবে।

উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নে ব্যর্থ হলে; অর্থাৎ, ১২ অক্টোবর ২০১২ তারিখের পর থেকে বাজার (retail/consumer market) এ প্রাপ্ত প্রতিটি অ্যাক্টিভেটেড (অসৎ উপায়ে রিটেইলার কর্তৃক অ্যাক্টিভেট করা হলেও) সংযোগ (রিম/সিম), প্রতিটি ভুল/অসত্য/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত নিবন্ধিত সংযোগ (রিম/সিম) এবং প্রতিটি অবৈধ কাজ/ব্যবসায় (যেমনঃ লাইসেন্সবিহীন কল টার্মিনেশন/অরিজিনেশন, চাঁদাদাবী/হুমকি ও সন্ত্রাসী/রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড ইত্যাদি) এ ব্যবহৃত অনিবন্ধিত সংযোগ (রিম/সিম) এবং/অথবা অনিবন্ধিত সংযোগ (রিম/সিম) [illegible] সমপরিমাণ অর্থ) হারে সংশ্লিষ্ট সেলুলার মোবাইল টেলিফোন অপারেটর কে প্রশাসনিক-জরিমানা করা হবে।

(এম. এ. তারেক হোসেন) ৪/১০/১২

উপ পরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস

প্রতি:

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণ ফোন লিমিটেড, জিপি হাউজ, বসুন্ধরা, ঢাকা-১২১৯

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ওরাসকম টেলিকম বাংলাদেশ লিমিটেড, বাড়ি-৪, গুলশান দক্ষিণ অ্যাভেনিউ, গুলশান-১, ঢাকা-১২১২

৩। ব্যবস্থাপনা পরিচালক, প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিমিটেড, ১৪ মহাখালি বা/এ, ঢাকা-১২১২

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রবি আজিয়াটা লিমিটেড, নাফি টাওয়ার, ৫৩ গুলশান দক্ষিণ অ্যাভেনিউ, গুলশান-১, ঢাকা-১২১২

৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, বাড়ি-৪১, রোড-২৭, ব্লক-এ, বনানী, ঢাকা-১২১৩

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, এয়ারটেল বাংলাদেশ লিমিটেড, বাড়ি-৩৪, রোড-১৯/এ, বনানী, ঢাকা-১২১৩